# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

কৃষিই সমৃদ্ধি


স্মারক নং-১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১-২৭৭৯ তারিখ: ০৯/১১/২০২৫ খ্রি.

সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক-কে GAP কার্যক্রমের সাথে সম্পৃক্ত করার লক্ষ্যে ব্যাংক প্রতিনিধিদের সমন্বয়ে সভা আয়োজন প্রসঙ্গে।**

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের পত্র নং-১২.০০.০০০০.০৭৫.০২২.০৫১.২৪(অংশ-৩); তারিখ: ৩০/০৬/২০২৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০ বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটির ৭ম সভার সিদ্ধান্ত ১০.৬ মোতাবেক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক-কে GAP কার্যক্রমের সাথে সম্পৃক্ত করার লক্ষ্যে ব্যাংক প্রতিনিধিদের নিয়ে সভা আয়োজন করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রতিনিধিদের সমন্বয়ে সভা আয়োজন করা প্রয়োজন।

এমতাবস্থায়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রতিনিধিদের সমন্বয়ে সভা আয়োজনের সদয় সিদ্ধান্তের অনুরোধ করা হলো।

০৯/১১/২০২৫

(ড. মো. আবদুছ ছালাম)
নির্বাহী চেয়ারম্যান (রু. দা.)
ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২
ই-মেইল: ec.barc@barc.gov.bd

**সংযুক্তি:**

* বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০ বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটির ৭ম সভার কার্যবিবরণী-০৫ পৃষ্ঠা।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক, GAP ইউনিট, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
২। উপসচিব, নীতি-১, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২; ফ্যাক্স: + ৮৮-০২-২২২২৪২৬৪৭
ই-মেইল: ec.barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-১ শাখা
www.moa.gov.bd

স্মারক নং-১২.০০.০০০০.০৭৫.২২.০৫১.২৪(অংশ-৩)-১১১ তারিখ : ৩০/০৬/২০২৫ খ্রি:

**বিষয়: 'বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০' বাস্তবায়নে গঠিত কমিটির ৭ম সভার কার্যবিবরণী প্রেরণ।**

'বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০' বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটির ৭ম সভা গত ২৯ জুন, ২০২৫ তারিখে সচিব, কৃষি মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

৩০/৬/২৫

(শেখ মুর্শিদুল ইসলাম)
উপসচিব
ফোন: ৫৫১০০৯৭২
ই-মেইল: acpolicy1@moa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) অতিরিক্ত সচিব (পরিকল্পনা/সম্প্রসারণ/পিপিসি) কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
২) চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ মতিঝিল বা/এ, ঢাকা।
৩) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৫) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ঢাকা।
৬) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), খামারবাড়ি, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৮) মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৯) মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, (বিনা), ময়মনসিংহ।
১০) মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার (টিসিবি ভবন - ৮ম তলা), ঢাকা।
১১) যুগ্মসচিব, (গবেষণা/পরিকল্পনা-১), কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
১২) যুগ্মসচিব (পিপিবি), কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
১৩) মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট, ১১৬/এ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
১৪) ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১ কারওয়ান বাজার, ৪র্থ ও নবম ফ্লোর, টিসিবি বিল্ডিং, ঢাকা।
১৫) মহাপরিচালক, বাংলাদেশ এ্যাক্রিডিটেশন বোর্ড (বিএবি), শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
১৬) মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১৭) নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), সেচ ভবন, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
১৮) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, শাহবাগ, ঢাকা-১০০০।
১৯) মহাপরিচালক, সাউথ এশিয়ান রিজিওনাল স্ট্যান্ডার্ড অর্গানাইজেশন (SARSO), সাউথ এশিয়ান রিজিওনাল স্ট্যান্ডার্ড অর্গানাইজেশন সচিবালয়, ১১৬/এ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
২০) ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন (৩য় তলা), মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
২১) সভাপতি, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেব্‌লস এন্ড অ্যালাইড প্রোডাক্টস এক্সপোর্টার্স এসোসিয়েশন (BFVAPEA), ৫ম ফ্লোর, রুম নং ২৮/১/সি, টোয়েনবি সার্কুলার রোড, রহমানিয়া ইন্টারন্যাশনাল কমপ্লেক্স ১১১২ মতিঝিল রোড, ঢাকা।

F:\Policy-1 Note-2025\metting notice. mononon and Letter-2025.docx

২২) সভাপতি, কনজ্যুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (CAB), বাড়ী # ৮/৬ (১ম ফ্লোর), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

২৩) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর।

২৪) সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-১ শাখা
www.moa.gov.bd

২৬২

**"বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০" বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটির ৭ম সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : ২৯ জুন ২০২৫ খ্রি: , বেলা ১২:০০ টা |
| স্থান | : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : পরিশিষ্ট-'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান যে, নিরাপদ ও পুষ্টিকর খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বাংলাদেশে উত্তম কৃষি চর্চা'র বাস্তবায়নে সমন্বিত প্রস্তুতি প্রয়োজন। ২০২৩-২৪ অর্থবছরে ৮টি ফসলের GAP Protocol প্রণয়ন করা হয়, যা চলতি অর্থবছরে ডিএই মাঠ পর্যায়ে বাস্তবায়ন করছে। চলতি অর্থবছরে আরও ৭টি ফসলের (৫টি সবজি: আলু, বাঁধাকপি, চিচিঙ্গা, করলা ও কচুরলতি এবং ২টি ফল: আনারস ও জারা লেবু) GAP Protocol প্রস্তুত করা হয়েছে এবং মাঠ পর্যায়ে ভেলিডেশন করা হচ্ছে। উক্ত ৭টি ফসলের GAP Protocol চূড়ান্তকরণের বিষয়ে অদ্যকার সভা আহবান করা হয়েছে। সভাপতি'র অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পিপিসি) ড. মোঃ মাহমুদুর রহমান বলেন, প্রথমে লাভজনক বাণিজ্যিকীকরণকে বিবেচনায় নিয়ে বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা ২০২০ প্রণয়ন করা হয়। পরবর্তীতে এর বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনাসহ পার্টনার প্রোগ্রামের আওতায় ১৫টি ফসলের GAP Protocol প্রণয়নের কার্যক্রম শুরু হয়। অত:পর আলোচ্য ৭ টি ফসলের GAP Protocol বিষয়ে উপস্থাপনা প্রদানের জন্য সভাপতি বিএআরসি'র প্রতিনিধিকে অনুরোধ করেন।

২.০। ড. যাকীয়াহ রহমান মনি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি) ও সদস্য সচিব, GAP ইউনিট, বিএআরসি পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং তিনি বলেন কার্যবিবরণী'র উপর কোনো সদস্যের নিকট হতে মতামত/পর্যবেক্ষণ পাওয়া যায়নি বিধায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। স্টিয়ারিং কমিটি'র ৬ষ্ঠ সভার ১১.১ নং সিদ্ধান্তের অগ্রগতি উপস্থাপন করে তিনি জানান যে, বাংলাদেশে উত্তম কৃষি চর্চা (GAP) বাস্তবায়নের লক্ষ্যে বিএআরসি কর্তৃক ৮টি ফসলের (আম, কাঁঠাল, পেয়ারা বেগুন, লাউ, বরবটি, কাঁচাপেঁপে ও পটল) বাংলাদেশ GAP প্রোটোকল প্রণয়ন মুদ্রণ ও ডিএই এর নিকট স্টেকহোল্ডার কর্মশালার মাধ্যমে হস্তান্তর করা হয়েছে। উপস্থাপনায় ১১.২ নং সিদ্ধান্তের আলোকে ড. যাকীয়াহ্ বলেন, সার্টিফিকেশন মার্কস/লোগো ব্যবহারের প্রবিধি'র গেজেট নোটিফিকেশনের খসড়া কৃষি মন্ত্রণালয় হতে গঠিত কমিটি কর্তৃক পর্যালোচনা করা হয়েছে এবং সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।

৩.০। ২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী PARTNER প্রকল্পের আওতায় প্রণয়নকৃত ৭টি ফসল (৫টি সবজি: আলু, বাঁধাকপি, চিচিঙ্গা, করলা ও কচুরলতি এবং ২টি ফল: আনারস ও জারালেবু) এর GAP Protocol গত ২০ মার্চ ২০২৫ খ্রি. তারিখে টেকনিক্যাল কমিটিতে উপস্থাপন করা হয় এবং টেকনিক্যাল কমিটি'র সুপারিশ অনুসারে পরিমার্জন করে গত ১৭ মে ২০২৫ সচিব, কৃষি মন্ত্রণালয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত দেশে কৃষিখাতে বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (GAP) প্রবর্তন বিষয়ক সভায় পর্যালোচনা করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক Protocol সমূহ পুনরায় পর্যালোচনার নিমিত্ত মহাপরিচালক, বিএআরআইকে আহবায়ক, বিএআরসি, ডিএই, ডিএএম ও কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধিকে সদস্য করে রিভিউ কমিটি গঠন করা হয়। রিভিউ কমিটি কর্তৃক Protocol সমূহ পর্যালোচনা করে সংশোধিত কপি সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়। রিভিউ কমিটির সুপারিশ অনুসারে রচনা ও সম্পাদনার ক্ষেত্রে প্রত্যেকের নামের পাশে প্রতিষ্ঠানের নাম উল্লেখ করা হয়েছে। সার ও মাটির পুষ্টি উৎপাদন প্রক্রিয়া অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ফসল সংগ্রহ ও সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এতে পৃথকভাবে সংযুক্ত করা হয়েছে।

৪.০। GAP সার্টিফিকেশন মাকর্স/লোগো ব্যবহারের প্রবিধি'র গেজেট নোটিফিকেশন জারির অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। ড. যাকীয়াহ বলেন, খসড়া প্রবিধি পর্যালোচনার জন্য অতিরিক্ত সচিব (পিপিসি) এর সভাপতিত্বে একটি কমিটি গঠন করা হয় এবং গঠিত কমিটি কর্তৃক সার্টিফিকেশন মার্কস/লোগো ব্যবহারের প্রবিধি পর্যালোচনা করা হয়েছে। শীঘ্রই তা অনুমোদনের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

ড. সৈয়দ মিজানুর রহমান, সভাপতি, কনজ্যুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (CAB) বলেন, বাংলাদেশ কৃষি ... ও গবেষণায় অনেক উন্নতি লাভ করেছে এ জন্য তিনি কৃষি বিজ্ঞানীসহ সকলকে ধন্যবাদ জানান। একইসাথে তিনি ...দেশে উত্তম কৃষি চর্চার বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং দ্রুততম সময়ের মধ্যেই এর বাস্তবায়ন হওয়া প্রয়োজন বলে প্রকাশ করেন। এক্ষেত্রে তিনি আর্থিক সহযোগিতার জন্য রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক-কে GAP কার্যক্রমের সাথে সম্পৃক্ত করার ব্যাপারে মতামত ব্যক্ত করেন।

৬.০। জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয় বলেন, GAP এর অধিকতর প্রচারণার লক্ষ্যে ফসলভিত্তিক বাংলাদেশ GAP Protocol পুস্তিকার মলাটে GAP এর Logo-টি ফসলের ছবির নীচে বর্ধিত আকারে স্থাপন করা যেতে পারে।

৭.০। ড. মনজুরুল আলম, সভাপতি, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবল এন্ড অ্যালাইড প্রোডাক্টস এক্সপোর্টার্স এসোসিয়েশন রপ্তানি'র ক্ষেত্রে বাংলাদেশ GAP- Certification-কে Global GAP এর সাথে সামঞ্জস্য আনয়নের প্রস্তাব করেন। ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক, GAP ইউনিট, বিএআরসি বলেন, বাংলাদেশ GAP সার্টিফিকেশনের সাথে Global GAP এর সংশ্লিষ্টতা নেই। বর্তমানে বাংলাদেশ GAP এর মাধ্যমে দেশে নিরাপদ ফসল উৎপাদনকে নিশ্চিত করা হবে। পরবর্তীতে, রপ্তানিকারক দেশের প্রয়োজনীয়তার নিরিখে তা বাস্তবায়ন করা হবে।

৮.০। GAP অনুসরণে উৎপাদিত কৃষিপণ্য রপ্তানির বিষয়ে আলোচনায় সচিব, কৃষি মন্ত্রণালয় বলেন, দেশীয় ও আন্তর্জাতিক বাজার বিশ্লেষণ করে কোথায় কী কী পণ্য রপ্তানির সুযোগ আছে তা সঠিকভাবে যাচাই করে পদক্ষেপ নিতে হবে। রপ্তানির বিপরীতে উক্ত পণ্যসমূহ দেশের কোন্ কোন্ জায়গায় উৎপাদন করা হবে সেটা ঠিক করে কার্যক্রম গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে উক্ত এলাকার উৎপাদন সংশ্লিষ্ট সকল অংশীজনকে প্রশিক্ষণসহ সুযোগ সুবিধা প্রদানের ক্ষেত্রসমূহ কর্মসূচির আওতায় আনতে হবে। তিনি আরো বলেন, দেশেই নিরাপদ ও মানসম্পন্ন কৃষিপণ্যের ব্যাপক চাহিদা রয়েছে। তাই GAP মানেই রপ্তানি সেভাবে চিন্তা না করে দেশীয় বাজারকেও বিবেচনায় নেয়া প্রয়োজন।

৯.০। বিবিধ আলোচ্যসূচির আওতায় মাঠ পর্যায়ে GAP বাস্তবায়নে প্যাকহাউজের ভূমিকা নিয়ে আলোচনা করা হয়। PARTNER প্রকল্পের আওতায় ১৫টি ফসলের জন্য ১৫টি জেলায় ১৫টি মডেল প্যাকহাউজ তৈরির বিষয়ে অধিকতর গবেষণার প্রয়োজন মর্মে সচিব, কৃষি মন্ত্রাণালয় মতমত ব্যক্ত করেন। ড. মোঃ মাহমুদুর রহমান, অতিরিক্ত সচিব (পিপিসি) কৃষি মন্ত্রাণালয় বলেন, প্রয়োজনীয়তার নিরীখে ডিএই বা ডিএএম এর আওতায় প্যাক হাউজ তৈরির কার্যক্রম বাস্তবায়ন করা যেতে পারে।

১০.০। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১০.১। PARTNER প্রকল্পের অর্থায়নে বাংলাদেশে উত্তম কৃষি চর্চা বাস্তবায়নের লক্ষ্যে বিএআরসি কর্তৃক প্রণয়নকৃত এবং টেকনিক্যাল রিভিউ কমিটি কর্তৃক সুপারিশকৃত নিম্নোক্ত ৭টি ফসলের (৫টি সবজি ও ২টি ফল) বাংলাদেশ GAP Protocol হিসেবে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হলো। এ বিষয়ে পরিপত্র জারি করা যেতে পারে।

| ক্রম. | ফসলের নাম | প্রোটোকলের নাম |
|---|---|---|
| | **সবজি** | |
| ১। | আলু | বাংলাদেশ GAP প্রোটোকল: আলু |
| ২। | বাঁধাকপি | বাংলাদেশ GAP প্রোটোকল: বাঁধাকপি |
| ৩। | চিচিঙ্গা | বাংলাদেশ GAP প্রোটোকল: চিচিঙ্গা |
| ৪। | করলা | বাংলাদেশ GAP প্রোটোকল: করলা |
| ৫। | কচুর লতি | বাংলাদেশ GAP প্রোটোকল: কচুর লতি |
| | **ফল** | |
| ১। | আনারস | বাংলাদেশ GAP প্রোটোকল: আনারস |
| ২। | জারালেবু | বাংলাদেশ GAP প্রোটোকল: জারালেবু |

১০.২। GAP সার্টিফিকেশন মার্কস/লোগো প্রবিধান-২০২৫ দ্রুততার সাথে যাচাই বাছাই করে অনুমোদনের জন্য পেশ করতে হবে।

১০.৩। PARTNER প্রকল্পের আওতায় প্যাকহাউজ নির্মাণের বিষয়টি অধিকতর পর্যালোচনা করতে হবে। এ বিষয়ে ডিএই এবং ডিএএম মতামত প্রদান করবে।

১০.৪। কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক GAP অনুসরণে উৎপাদিত কৃষিপণ্য রপ্তানির ক্ষেত্রে বাজার বিশ্লেষণ/গবেষণা করতে হবে। স্কিমওনার প্রয়োজনে কারিগরি সহায়তা প্রদান করবে।

১০.৫। অধিকতর প্রচারণার লক্ষ্যে ফসলভিত্তিক বাংলাদেশ GAP Protocol পুস্তিকার মলাটে GAP এর Logo-টি ফসলের ছবির নীচে বড় করে স্থাপন করতে হবে।

১০.৬। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক-কে GAP কার্যক্রমের সাথে সম্পৃক্ত করার লক্ষ্যে ব্যাংক প্রতিনিধিদের নিয়ে একটি সভা আহবান করা যেতে পারে।

অত:পর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ্ মিয়ান
সচিব
কৃষি মন্ত্রণালয়।